

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইপ-১ অধিশাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০০.১২০০.০১৭.২৭.০০১.১৬. ১০৭

তারিখ : ১৭ মাঘ, ১৪২৪ বঙ্গাব্দ।
৩০ জানুয়ারি, ২০১৮ খ্রিষ্টাব্দ।

প্রজ্ঞাপন

যেহেতু, ব্রাহ্মণবাড়িয়া জেলার নবীনগর উপজেলার ১৬নং শ্যামগ্রাম ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব আমির হোসেন (বাবুল) এর বিরুদ্ধে নবীনগর থানার মামলা নং-২১, তারিখঃ ২১/১২/২০১৭ এবং জিআর মামলা নং-৫২/১৭ বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হয়েছে;

যেহেতু, উক্ত চেয়ারম্যানের বিরুদ্ধে নবীনগর থানায় মামলা নং-৫২/২০১৭ এবং ৬১/২০১৭ এর অভিযোগপত্র গত ১৫/০৬/২০১৭ তারিখে বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হওয়ায় তাঁর দ্বারা ক্ষমতা প্রয়োগ প্রশাসনিক দৃষ্টিকোণে সমীচীন নয় মর্মে সরকার মনে করে;

সেহেতু, ব্রাহ্মণবাড়িয়া জেলার নবীনগর উপজেলার শ্যামগ্রাম ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব আমির হোসেন(বাবুল) এর বিরুদ্ধে নবীনগর থানায় মামলা নং-৫২/২০১৭ এবং ৬১/২০১৭ এর অভিযোগপত্র গত ১৫/০৬/২০১৭ তারিখে বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হওয়ায় এবং উক্ত ইউপি চেয়ারম্যান কর্তৃক সংঘটিত অপরাধমূলক কার্যক্রম পরিষদসহ জনস্বার্থের পরিপন্থী বিধায় স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ৩৪ উপধারা (১) অনুযায়ী উল্লিখিত ইউপি চেয়ারম্যান জনাব মোঃ আমির হোসেন (বাবুল)কে তাঁর স্বীয় পদ থেকে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

০২। এ আদেশ জনস্বার্থে জারী করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।

(মোঃ মাহাবুবুর রহমান)
উপসচিব

৯৫৮৬৬০৫
Email : lgup1@lgd.gov.bd

স্মারক নং-৪৬.০০.১২০০.০১৭.২৭.০০১.১৬. ১০৭

তারিখ : ১৭ মাঘ, ১৪২৪ বঙ্গাব্দ।
৩০ জানুয়ারি, ২০১৮ খ্রিষ্টাব্দ।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১। জেলা প্রশাসক, ব্রাহ্মণবাড়িয়া।
- ০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। উপজেলা নির্বাহী অফিসার, নবীনগর, ব্রাহ্মণবাড়িয়া।
- ০৪। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৫। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৬। জনাব আমির হোসেন (বাবুল), চেয়ারম্যান (সাময়িক বরখাস্তকৃত), ১৬নং শ্যামগ্রাম ইউনিয়ন পরিষদ, নবীনগর, ব্রাহ্মণবাড়িয়া।

(মোঃ মাহাবুবুর রহমান)
উপসচিব